37

দৈনিক সংবাদ

তারিখ 16 MAY 1997
পৃষ্ঠা ... কলাম ...

খেন চান রাজ

# বৃটিশ কাউন্সিল লাইব্রেরী




বৃটিশ কাউন্সিল। অবস্থিত ফুলার রোডে বিশ্বজুড়ে যার খ্যাতি। বৃটিশ কাউন্সিল লাই-ব্রেরি বহন করে আছে বিশাল জ্ঞানের ভান্ডার। চলুন জানা যাক বৃটিশ কাউন্সিল লাইব্রেরি সম্পর্কীয় তথ্য।

**লাইব্রেরির সদস্য হওয়ার নিয়মাবলী ঃ** সাধারণ ছাত্রছাত্রীদের জন্য সদস্য পদের জন্য দিতে হবে ২৫০ টাকা। আর চাকরিজীবীদের জন্য ৪০০ টাকা। সেটা কেবল ১ বছর মেয়াদের জন্য। এক বছর পার হওয়ার পর আবার কার্ডের বৈধতার জন্য নবায়ন করে নিতে হবে। সকল স্তরের জনগণের জন্য এই লাইব্রেরি। অর্থাৎ শিশু থেকে শুরু করে বয়স্করা পর্যন্ত এই লাইব্রেরির সদস্য হতে পারেন।

**হাজারো বইয়ের ভান্ডার ঃ** প্রায় সব ধরনের বই এই লাইব্রেরিতে রয়েছে। কম্পিউটার বিজ্ঞান, লাইফ সাইন্স, ব্যবস্থাপনা, চিকিৎসা বিদ্যা, অর্থনীতি, এনসাইক্লোপিডিয়া, ইংরেজি সাহিত্য– এসব সম্পর্কীয় সবধরনের সাহায্য পাওয়া যাবে এই লাইব্রেরি থেকে। আরও রয়েছে বৃটিশ টেলিভিশন ড্রামা, ফিচার ফিল্ম কমেডি, বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয়ের প্রসপেক্টাস। বাচ্চাদের জন্য আলাদা শাখা তো রয়েছেই। বাচ্চাদের শাখায় রয়েছে বাচ্চাদের সব ধরনের বই, ক্যাসেট, ভিডিও ও পত্রিকা। বিভিন্ন পত্রিকাতে লাইব্রেরি ভরিয়ে রয়েছে। যেমন – Financial Time, Sunday Time, The Guardian, News Paper, Periodicals, The Arts., লাইব্রেরিতে বসেই পড়তে হবে এসব পত্রিকা। তবে অনুরোধ করলে ডিরেক্টরের অনুমতিসাপেক্ষে পত্রিকাগুলো দেয়া যেতে পারে।

**পরিবেশ ঃ** পুরো লাইব্রেরিটি এয়ার কন্ডিশনড। শুধু তাই নয়, পুরো পরিবেশটাই ভিন্নরকমের। এখানে পাগল কেউ আসলেও যেন ভাল হয়ে যাবে। আস্তে কথা বলতে শুরু করবে। তাই প্রতিদিন এক হাজারের মত সদস্য এখানে এসে স্টাডি করলেও কোথাও একটি হালকা গুঞ্জন ছাড়া – পুরো পরিবেশটাই যেন অপূর্ব, শান্ত। সবচেয়ে বড় আকর্ষণীয় ব্যাপার হলো পরিস্কার ও পরিচ্ছন্নতা।

**আলাদা সুবিধা ঃ** আলাদা সবধরনের সুবিধা এখানে রয়েছে। ভিডিও অডিও ক্যাসেটও আপনি দেখতে পারেন। মাইক্রোফোন কানে লাগিয়ে বিভিন্ন ধরনের ঐতিহাসিক, গঠনমূলক ভিডিও দেখতে পারেন। ভিডিও সেকশন– এর জন্য আলাদা সদস্য কার্ড করতে হয়। আলাদা সদস্যের জন্য ৮০০ টাকা করে দিতে হবে। এছাড়াও রয়েছে ফটোকপির সুব্যবস্থা।

**ধার নেয়াও ফাইন সিস্টেম ঃ** যেকোন বই, অথবা ভিডিও ক্যাসেট ধার নেয়া যেতে পারে। সাধারণ ছাত্রছাত্রীদের জন্যে যেকোন ৪টি বই ধার নেয়া যাবে তিন সপ্তাহের জন্য। ৩ দিন ওভার হয়ে গেলে তাকে একদিনে প্রতি বইয়ের জন্য ৫ টাকা করে ফাইন দেয়ার নিয়ম রয়েছে। আর ভিডিও ক্যাসেট লাইব্রেরিতে বসেও দেখা যায় আবার বাসায়ও নিয়ে যাওয়া যায়। তবে নিয়ম বহির্ভূত হলে অবশ্যই তাকে ফাইন দিতে হবে। কর্মজীবীদের জন্যও এ নিয়ম অটল। তবে কর্মজীবীরা ৩টি বই ও ৩টি সংরক্ষিত Journal নিতে পারবেন।




**ইংরেজি ভাষা শেখার সুবিধা ঃ** লাইব্রেরিতে ইংরেজি ভাষা শেখার বিভিন্ন অডিও ক্যাসেট ও বই রয়েছে এখানে। এসব অডিও ক্যাসেট লাইব্রেরির বাইরে নেয়ার নিয়ম নেই। কেবলমাত্র এখানে বসেই আপনি এসব বই পড়তে অথবা ক্যাসেটগুলো শুনতে পারবেন।

বৃটিশ কাউন্সিল লাইব্রেরির সদস্য হয়ে তাই জনসাধারণই জেনে নিতে পারেন পৃথিবীর সব খবরা-খবর। মনে রাখবেন জ্ঞান অমূল্য সম্পদ।